# Gastid®

Magaldrate USP & Simethicone USP Chewable Tablet & Suspension

## DESCRIPTION
**Gastid®** tablet is a combination of Magaldrate and Simethicone. Magaldrate (Magnesium Aluminium compound i.e. Hydroxymagnesium Aluminate), which neutralizes gastric acid quickly without raising the pH above 5. Besides this, Simethicone, the another component of Gastid enables the gas bubble to coalesce and give relief from flatulence.

## INDICATIONS
**Gastid®** is indicated to relieve symptoms of hyperacidity, heartburn, GERD & dyspepsia. Also indicated for the relief of flatulence, abdominal distension and windy colic.

## DOSAGE AND ADMINISTRATION
1-4 **Gastid®** tablets to be chewed completely before swallowing or 2-4 tea-spoonful **Gastid®** suspension 20 minutes to 1 hour after meals and before bed time or as directed by the registered physician.

**Children:** Not recommended in children under 6 years of age unless, directed by a doctor.

## CONTRAINDICATIONS
Magaldrate is contraindicated in patients with known hypersensitivity to magnesium and aluminium. It is also contraindicated in patients With impaired renal functions.

## PRECAUTIONS
Care should be taken in decreased kidney function, hypophosphataemia and weak people.

## SIDE-EFFECTS
GI side-effects are uncommon. Occasionally, if excessive amount is consumed, diarrhoea or constipation may occur.

## USE IN PREGNANCY AND LACTATION
**Pregnant women:** Pregnancy category C. Only recommended for use during pregnancy when benefit outweighs risk.

**Lactating mother:** Magaldrate may pass into breast milk but has not been reported to cause problem in nursing babies.

## DRUG INTERACTIONS
It should not be used in patients taking any form of Tetracycline. The drug may cause reduced bio-availability or slower absorption of a number of drugs including propranolol, isoniazid & prednisolone.

## OVERDOSAGE
Over dosage with this formulation is a rare case.

## STORAGE CONDITION
Store in a dry place and away from light. Keep out of reach of children.

## PACKAGING
**Gastid® Chewable Tablet** : Box containing 6 strips of 10 tablets each. Each tablet contains Magaldrate USP 480 mg & Simethicone USP 20 mg.

**Gastid® Suspension** : Bottle containing 200 ml of suspension. Each 5 ml contains Magaldrate USP 480 mg & Simethicone USP 20 mg.

SK+F

Manufactured by
**ESKAYEF BANGLADESH LIMITED**
GAZIPUR, BANGLADESH
® REGD.TRADEMARK
PM03061 V01

# গ্যাস্টিড®

মেগালড্রেট ইউ.এস.পি. এবং সিমেথিকন ইউ.এস.পি. চুষে খাওয়ার ট্যাবলেট ও সাসপেনশন

## বিবরণ
গ্যাস্টিড® ট্যাবলেট মেগালড্রেট ও সিমেথিকনের একটি মিশ্রন। মেগালড্রেট (ম্যাগনেসিয়াম এ্যালুমিনিয়াম অর্থাৎ হাইড্রোক্সিম্যাগনেসিয়াম এ্যালুমিনেট) সমৃদ্ধ যৌগ যাহা পাকস্থলীর pH কে ৫ এর বেশি না বাড়িয়ে অতিদ্রুত গ্যাস্ট্রিক এসিডকে প্রশমিত করে। গ্যাস্টিড® এর আরেকটি উপাদান সিমেথিকন যা পেটের মধ্যে জমে থাকা গ্যাসকণাগুলোকে একত্রিত করে শরীর থেকে বের করে দিয়ে পেট ফাঁপা থেকে মুক্তি দেয়।

## নির্দেশনা
গ্যাস্টিড® হাইপার এসিডিটি, বুকজ্বলা, গ্যাস্ট্রোইসোফ্যাজিয়াল রিফ্লাক্স এবং বদহজমের জন্য নির্দেশিত। এছাড়াও পেট ফাঁপা, পেট ফোলা এবং খাদ্যনালীতে বায়ুজনিত ব্যথা রোধে নির্দেশিত।

## সেবন মাত্রা ও বিধি
১-৪টি গ্যাস্টিড® ট্যাবলেট সম্পূর্ণরূপে চুষে সেবন করতে হবে অথবা ২-৪ চা-চামচ (১০-২০ মি.লি.) করে গ্যাস্টিড® সাসপেনশন সেবন করতে হবে খাওয়ার ২০ মিনিট থেকে ১ ঘন্টা পরে এবং রাতে ঘুমানোর আগে অথবা রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ অনুযায়ী।

অনুর্ধ্ব ৬ বছরের বাচ্চাদের জন্য নির্দেশিত নয়।

## প্রতিনির্দেশনা
ম্যাগনেসিয়াম এবং এ্যালুমিনিয়ামের প্রতি সংবেদনশীল এবং বৃক্কের অসম কার্যকারিতা সম্পন্ন রোগীর ক্ষেত্রে প্রতিনির্দেশিত।

## সতর্কতা
বৃক্কের অসমকার্যকারিতা, হাইপোফসফেটেমিয়া ও দূর্বল রোগীদের ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করা উচিৎ।

## পার্শ্ব প্রতিক্রিয়া
পরিপাকতন্ত্রে পার্শ্ব প্রতিক্রিয়া বিরল। অত্যাধিক মাত্রায় গ্রহণ করলে ডায়রিয়া, কোষ্ঠকাঠিন্য হতে পারে।

## গর্ভবস্থায় ও স্তন্যদানকালে
প্রয়োজনে গর্ভবতী মহিলাদের ক্ষেত্রে চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবহার করা যাবে।

মেগালড্রেট যদিও মাতৃদুগ্ধে নিঃসৃত হয়, কিন্তু মাতৃদুগ্ধ পানকারী শিশুদের উপর কোন প্রকার প্রভাবের প্রমাণ পাওয়া যায়নি। প্রয়োজনে দুগ্ধদানকারী মহিলারা চিকিৎসকের পরামর্শ নিতে পারেন।

## ওষুধের সাথে অন্তঃক্রিয়া
মেগালড্রেট টেট্রাসাইক্লিন এর সাথে ব্যবহার করা উচিৎ নয়। ইহা প্রোপ্রানোলল, আইসোনিয়াজাইড, প্রেডনিসোলন এর বায়ো-এভেইলেবিলিটি ও বিশোষণ কমিয়ে দেয়।

## মাত্রাধিক্য
এই ওষুধের মাত্রাধিক্যের ঘটনা বিরল।

## সংরক্ষণ
আলো থেকে দূরে ও শুকনো স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

## বাণিজ্যিক মোড়ক
গ্যাস্টিড® চুষে খাওয়ার ট্যাবলেট ঃ প্রতি বাক্সে রয়েছে ১০টি ট্যাবলেটের ৬ টি ব্লিস্টার স্ট্রিপ। প্রতি ট্যাবলেটে রয়েছে মেগালড্রেট ইউ.এস.পি. ৪৮০ মি.গ্রা. এবং সিমেথিকন ইউ.এস.পি. ২০ মি.গ্রা.।

গ্যাস্টিড® সাসপেনশন ঃ প্রতি বোতলে আছে ২০০ মি.লি. সাসপেনশন। প্রতি ৫ মি.লি. সাসপেনশনে রয়েছে মেগালড্রেট ইউ.এস.পি. ৪৮০ মি.গ্রা. এবং সিমেথিকন ইউ.এস.পি. ২০ মি.গ্রা.।

SK+F

প্রস্তুতকারক
এসকেএফ বাংলাদেশ লিমিটেড
গাজীপুর, বাংলাদেশ
® রেজিস্টার্ড ট্রেডমার্ক